

# হল না ছাড়ার ঘোষণা কুয়েট শিক্ষার্থীদের, রাতে ক্যাম্পাসে বিক্ষোভ

খুলনা অফিস

২৫ ফেব্রুয়ারি, ২০২৫  
২৩:১৫

শেয়ার

অ +

অ -



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা হল না ছাড়ার ঘোষণা দিয়েছেন।

মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) রাত ৯টার পর তারা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল থেকে এ ঘোষণা দেন। এর আগে বিকেলে কুয়েট প্রশাসনের পক্ষ থেকে শিক্ষার্থীদের বুধবার (২৬ ফেব্রুয়ারি) সকাল ১০টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া

হয়।

তার আগে বিশ্ববিদ্যালয়ের ৯৯তম সিন্ডিকেট সভায় (জরুরি) এমন সিদ্ধান্তের পাশাপাশি অনির্দিষ্টকালের জন্য কুয়েটের একাডেমিক কার্যক্রম বন্ধের সিদ্ধান্ত হয়।

এ ছাড়া কুয়েটের শিক্ষার্থীদের আবাসিক হল ত্যাগের নির্দেশ সংক্রান্ত চিঠি দেওয়া হয়েছে খুলনা মেট্রোপলিটন পুলিশ কমিশনার বরাবর।

কুয়েটের রেজিস্ট্রার প্রকৌশলী মো. আনিছুর রহমান ভূঞা এবং সিনিয়র সিকিউরিটি অফিসার মো. সাদেক হোসেন প্রামাণিক স্বাক্ষরিত এক চিঠিতে এ ব্যাপারে পদক্ষেপ নেওয়ার আহবান জানানো হয়।